১২ ফেব্রুয়ারি ২০১৮

# শাস্তির মেয়াদ বাড়িয়ে সংসদে পাস হলো আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন) বিল ২০১৮ ঃ আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর প্রতিক্রিয়া

গত ১১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে জাতীয় সংসদে পাস হয় আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন) বিল ২০১৮। বিলে সাজার মেয়াদ ৫ বছর থেকে বৃদ্ধি করে ৭ বছর করা হয়েছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ২০০২ সালে ২ বছরের জন্য এ আইন কার্যকর করার পর থেকে বেশ কয়েক দফায় এর মেয়াদ বাড়ানো হয়। ২০১4 সালে আইনটির মেয়াদ বাড়িয়ে মার্চ ২০১৯ পর্যন্ত তা বলবৎ থাকবে এই মর্মে সংশোধনী বিল পাশ করা হয়। দেশে প্রচলিত বিচার ব্যবস্থার ধীরগতি নিরসনে এই আইন ভূমিকা রাখবে ধারনা করা হলেও বিগত বছরগুলোতে এই আইনের প্রয়োগের ধরণ ও বারবার সংশোধনীর মাধ্যমে এর মেয়াদ বৃদ্ধি নাগরিক সমাজে উদ্বেগ সৃষ্টি করেছে। এবারের সংশোধনীতে যদিও আইনটির মেয়াদ বাড়ানো হয়নি তবে আইনের আওতায় সাজার মেয়াদ ৫ বছর থেকে বাড়িয়ে ৭ বছর করা হয়েছে।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, দেশের বিদ্যমান আইনের আওতায় বিচারযোগ্য অপরাধসমুহের জন্য নতুন করে সাজার মেয়াদ বৃদ্ধির ফলে রাজনৈতিক উদ্দেশ্যে এই আইনের ব্যবহারের আশংকা দেখা দিবে।